$\therefore ১$ " " " " = $\frac{৭৫}{১০০}$ টাকা

$\therefore ২০$ " " " " = $\frac{৭৫ \times ২০}{১০০}$ টাকা

= ৯ টাকা

২৯. একটি ছাগল ৮% ক্ষতিতে বিক্রয় করা হলো। ছাগলটি আরও ৮০০ টাকা বেশি মূল্যে বিক্রয় করলে ৮% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ৪৫০০ টাকা খ. ৫০০০ টাকা
গ. ৫৫০০ টাকা ঘ. ৬০০০ টাকা উত্তরঃ খ

Quick Solution:

ছাগলটির ক্রয়মূল্য = $\frac{৮০০ \times ১০০}{৮ - (-৮)}$ টাকা = ৫০০০ টাকা

৩০. একজন দোকানদার ১ ডজন বলপেন ৬০ টাকায় ক্রয় করে ৭২ টাকায় বিক্রয় করলে তার শতকরা কত লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ১৬% খ. ১৮%
গ. ২০% ঘ. ২২% উত্তরঃ গ

সমাধানঃ ১ ডজন বলপেনে লাভ হয় = $(৭২ - ৬০)$ টাকা = ১২ টাকা

৬০ টাকায় লাভ হয় ১২ টাকা

১ টাকায় লাভ হয় $\frac{১২}{৬০}$ টাকা

১০০ টাকায় লাভ হয় $\frac{১২ \times ১০০}{৬০}$ বা ২০ টাকা

Quick Solution: লাভ = $(৭২ - ৬০)$ টাকা = ১২ টাকা

লাভের হার (%) = $\frac{১২ \times ১০০}{৬০} = ২০$

৩১. ৭৫ টাকায় ১৫টি কলপেন কিনে ৯০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

- ক. ১৬% খ. ১৮%
গ. ২০% ঘ. ২১%

উত্তরঃ গ

Quick Solution: লাভ = $(৯০ - ৭৫)$ টাকা = ১৫ টাকা

$$\text{লাভের হার (\%)} = \frac{১৫ \times ১০০}{৭৫} = ২০$$

৩২. একজন দোকানদার কিছু ডাল ২৩৭৫ টাকায় বিক্রয় করায় তার ৫% ক্ষতি হলো। ঐ ডাল কত টাকায় বিক্রয় করলে, তার ৬% লাভ হতো? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

- ক. ২৫০০ টাকা খ. ২৫৫০ টাকা
গ. ২৬০০ টাকা ঘ. ২৬৫০ টাকা

উত্তরঃ ঘ

সমাধানঃ ক্রয়মূল্য ১০০ টাকা হলে,
৫% ক্ষতিতে বিক্রয়মূল্য = $(১০০ - ৫)$ টাকা = ৯৫ টাকা
৬% লাভে বিক্রয়মূল্য = $(১০০ + ৬)$ টাকা = ১০৬ টাকা
ক্ষতিতে বিক্রয়মূল্য ৯৫ টাকা হলে লাভে বিক্রয়মূল্য = ১০৬ টাকা

$$\text{ক্ষতিতে বিক্রয়মূল্য ১ টাকা হলে লাভে বিক্রয়মূল্য} \frac{১০৬}{৯৫} \text{ টাকা}$$

$$\text{ক্ষতিতে বিক্রয়মূল্য ২৩৭৫ টাকা হলে লাভে বিক্রয়মূল্য} \frac{১০৬ \times ২৩৭৫}{৯৫}$$

টাকা

$$= ২৬৫০ \text{ টাকা}$$

Quick Solution:

$$\therefore \text{নির্ণেয় বিক্রয়মূল্য} = \frac{২৩৭৫ \times (১০০ + ৬)}{১০০ + (-৫)} \text{ টাকা}$$

$$= ২৬৫০ \text{ টাকা}$$

৩৩. একটি জিনিস ১২০ টাকায় ক্রয় করে ১৪৪ টাকায় বিক্রয় করলে ক্রয়মূল্য ও লাভের অনুপাত কত হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কেড-করতোয়া)-২০১২]

- ক. ৭ঃ২ খ. ৫ঃ১
গ. ৬ঃ১ ঘ. ১৫ঃ৩

উত্তরঃ খ

সমাধানঃ লাভ = $(১৪৪ - ১২০)$ টাকা = ২৪ টাকা

$$\therefore \text{ক্রয়মূল্য ও লাভের অনুপাত} = ১২০ : ২৪ = ৫ : ১$$

৩৪. শতকরা ৫ টাকা হার লাভে ২০ বছরে লাভ মূলধনে ৫০,০০০ টাকা হলে মূলধন কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

- ক. ২০,০০০ টাকা খ. ৩৫,০০০ টাকা
গ. ২৫,০০০ টাকা ঘ. ৩০,০০০ টাকা

উত্তরঃ গ

সমাধানঃ মূলধন ১০০ টাকা হলে

$$\text{শতকরা ৫ টাকা হারে ২০ বছরে লাভ} = (২০ \times ৫) \text{ টাকা} = ১০০ \text{ টাকা}$$

$$\text{লাভ সহ মূলধন} = (১০০ + ১০০) \text{ টাকা} = ২০০ \text{ টাকা}$$

$$\text{লাভসহ মূলধন ২০০ টাকা হলে মূলধন ১০০ টাকা}$$

$$\text{লাভসহ মূলধন ১ টাকা হলে মূলধন} \frac{১০০}{২০০} \text{ টাকা}$$

$$\text{লাভসহ মূলধন ৫০,০০০ টাকা হলে মূলধন} \frac{১০০ \times ৫০০০০}{২০০} \text{ টাকা}$$

$$\text{বা, ২৫০০০ টাকা}$$

Quick Solution: $t = ২০$ বছর

$$a = ৫০০০০, p = ?$$

$$p = \frac{১০০ \times a}{১০০ + r \times t} = \frac{১০০ \times ৫০০০০}{১০০ + ৫ \times ২০} = ২৫০০০ \text{ টাকা}$$

$$= ২৫,০০০ \text{ টাকা}$$

৩৫. এক বাস্তু আধুর্ ২৭৫০ টাকায় বিক্রয় করায় ৪৫০ টাকা ক্ষতি হলো। ঐ আধুর্ ৩৬০০ টাকায় বিক্রয় করলে কত লাভ বা ক্ষতি হতো? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

- ক. ৩০০ টাকা লাভ খ. ৩৫০ টাকা লাভ
গ. ৪০০ টাকা লাভ ঘ. ৪৫০ টাকা লাভ

উত্তরঃ গ

সমাধানঃ ক্রয়মূল্য = $(২৭৫০ + ৪৫০)$ টাকা = ৩২০০ টাকা
লাভ = $(৩৬০০ - ৩২০০)$ টাকা = ৪০০ টাকা।

৩৬. একটি ছাগল ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

- ক. ২৯০০ টাকা খ. ৩০০০ টাকা
গ. ৩২০০ টাকা ঘ. ৩৫০০ টাকা

উত্তরঃ খ

সমাধানঃ ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = $(১০০ - ১০)$ টাকা = ৯০ টাকা
৫% লাভে বিক্রয়মূল্য = $(১০০ + ৫)$ টাকা = ১০৫ টাকা
দুই বিক্রয় মূল্যের পার্থক্য = $(১০৫ - ৯০)$ টাকা = ১৫ টাকা
বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

$$\text{বিক্রয়মূল্য ১ টাকা বেশি হলে ক্রয়মূল্য} \frac{১০০}{১৫} \text{ টাকা}$$

$$\text{বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য} \frac{৪৫০ \times ১০০}{১৫} \text{ টাকা}$$

$$\text{বা, ৩০০০ টাকা।}$$

$$\text{Quick Solution: } CP = \frac{MSP \times ১০০}{X_2 - X_1}$$

$$\text{ছাগলটির ক্রয়মূল্য} = \frac{৪৫০ \times ১০০}{৫ - (-১০)} \text{ টাকা} = ৩০০০ \text{ টাকা}$$

৩৭. টাকায় ৫টি দরে লেবু ক্রয় করে টাকায় কয়টা দরে লেবু বিক্রয় করলে ২৫% লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

- ক. ৬ টা খ. ৫ টা
গ. ৪ টা ঘ. ৩ টা

উত্তরঃ গ

সমাধানঃ ১ টাকায় লেবু ক্রয় করে ৫ টি

১০০ টাকায় লেবু ক্রয় করে (১০০×৫) টি
২৫% লাভ করতে হলে,

১২৫ টাকায় লেবু বিক্রি করতে হবে ৫০০ টি

$$১ \text{ টাকায় বিক্রি করতে হবে} \frac{৫০০}{১২৫} \text{ টি বা } ৪ \text{ টি}$$

Quick Solution:

$$\therefore \text{নির্ণেয় লেবুর সংখ্যা} = \frac{১ \times ৫ \times ১০০}{১ \times (১০০ + ২৫)} = ৪ \text{ টি}$$

৩৮. টাকায় ৩টি করে জিনিস ক্রয় করে টাকায় ২টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

- ক. ৫০% খ. ২৫%
গ. ১৫% ঘ. ১০%

উত্তরঃ ক

সমাধান: ১ টি আমের ক্রয় মূল্য $\frac{১}{৩}$ টাকা

$$১ \text{ টি আমের বিক্রয় মূল্য} \frac{১}{২} \text{ টাকা}$$

$$\frac{1}{3} \text{ টাকায় লাভ হয় } \left(\frac{1}{2} - \frac{1}{3}\right) \text{ টাকা বা } \frac{3-2}{6} \text{ টাকা বা } \frac{1}{6}$$

$$1 \text{ টাকায় লাভ হয় } \frac{1 \times 3}{6} \text{ টাকা}$$

$$\therefore 100 \text{ টাকায় লাভ হয় } \frac{100 \times 3}{6} \text{ টাকা বা } 50 \text{ টাকা}$$

$$\text{Quick Solution: লাভ} = \frac{100}{2} (3-2) = 50\%$$

৩৯. কোন মূলধন ৬ বছরের জন্য ধার দেয়া হয়। লাভের হার প্রথম ৩ বছরের জন্য ৫% এবং শেষ ৩ বছরের জন্য ৪% নির্দিষ্ট করা হয়। ৬ বছর পর লাভসহ টাকার পরিমাণ ১২৭ টাকা হলে মূলধন কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ১০০ টাকা

খ. ৯০ টাকা

গ. ৮০ টাকা

ঘ. ৭০ টাকা

উত্তরঃ ক

সমাধানঃ মূলধন ১০০ টাকা হলে,

$$5\% \text{ হারে ৩ বছরে লাভ} = (5 \times 3) = 15 \text{ টাকা}$$

$$8\% \text{ হারে ৩ বছরে লাভ} = (8 \times 3) = 24 \text{ টাকা}$$

$$6 \text{ বছর পর লাভসহ মূলধন} = (100 + 15 + 24)$$

$$\text{টাকা} = 129 \text{ টাকা}$$

৪০. বার্ষিক ৪.৫% লাভে কত টাকা বিনিয়োগ করলে ৪ বছরে তা ৮২৬

টাকা হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ৭২৫ টাকা

খ. ৭০০ টাকা

গ. ৬৫০ টাকা

ঘ. ৪৫৮ টাকা

উত্তরঃ খ

সমাধানঃ আসল ১০০ টাকা হলে,

$$4.5\% \text{ হারে ৪ বছরে লাভ} = (4.5 \times 8) \text{ টাকা} = 36 \text{ টাকা}$$

$$8 \text{ বছরে লাভসহ মূলধন} = (100 + 36) \text{ টাকা} = 136 \text{ টাকা}$$

$$\text{লাভসহ মূলধন ১১৮ টাকা হলে আসল } 100 \text{ টাকা}$$

$$\text{লাভসহ মূলধন ১ টাকা হলে আসল } \frac{100}{118} \text{ টাকা}$$

$$\text{লাভসহ মূলধন ৮২৬ টাকা হলে আসল } \frac{100 \times 826}{118} = 700 \text{ টাকা}$$

$$\text{Solution: } t = 8 \text{ বছর, } r = 4.5\%,$$

$$a = 826 \text{ টাকা, } p = ?$$

$$p = \frac{100 \times a}{100 + r \times t} = \frac{100 \times 826}{100 + 4.5 \times 8} = 700 \text{ টাকা}$$

৪১. ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অপরটি ২০% লোকসানে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-মেম্বা)-২০১২]

ক. লাভ বা লোকসান কিছুই হয়নি

খ. ৯০০ টাকা

গ. ৩০০ টাকা

ঘ. ৬০০ টাকা

উত্তরঃ গ

সমাধানঃ ২০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ২০) টাকা = ১২০ টাকা

$$\text{বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য } 100 \text{ টাকা}$$

$$\text{বিক্রয়মূল্য ১ টাকা হলে ক্রয়মূল্য } \frac{100}{120} \text{ টাকা}$$

$$\text{বিক্রয়মূল্য } 3600 \text{ টাকা হলে ক্রয়মূল্য } \frac{100 \times 3600}{120} \text{ টাকা}$$

$$\text{বা, } 3000 \text{ টাকা}$$

আবার, ২০% লোকসানে বিক্রয়মূল্য = (১০০ - ২০) টাকা = ৮০ টাকা
বিক্রয় মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

$$\text{বিক্রয় মূল্য ১ টাকা হলে ক্রয়মূল্য } \frac{100}{80} \text{ টাকা}$$

$$\text{বিক্রয় মূল্য } 3600 \text{ টাকা হলে ক্রয় মূল্য } \frac{100 \times 3600}{80} \text{ টাকা}$$

$$\text{বা, } 4500 \text{ টাকা}$$

চেয়ার দুটির মোট ক্রয়মূল্য = (৩০০০ + ৪৫০০) টাকা = ৭৫০০ টাকা
চেয়ার দুটির মোট বিক্রয় মূল্য = (৩৬০০ + ৩৬০০) টাকা = ৭২০০ টাকা

$$\therefore \text{লোকসান} = (9500 - 7200) \text{ টাকা} = 2300 \text{ টাকা}$$

৪২. এক ডজন আম ৬০ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ১০ টাকা লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ২৫ টাকা

খ. ১২ টাকা

গ. ১৫ টাকা

ঘ. ২২ টাকা

উত্তরঃ ঘ

সমাধানঃ ১২ টি আমের ক্রয়মূল্য ৬০ টাকা

$$1 \text{ টি আমের ক্রয়মূল্য } \frac{60}{12} \text{ টাকা}$$

$$8 \text{ টি আমের ক্রয়মূল্য } \frac{60 \times 8}{12} \text{ টাকা} = 40 \text{ টাকা}$$

$$10\% \text{ লাভে, } 100 \text{ টাকার আমের বিক্রয়মূল্য} = 110 \text{ টাকা}$$

$$1 \text{ টাকার আমের বিক্রয়মূল্য} = \frac{110}{100} \text{ টাকা}$$

$$20 \text{ টাকার আমের বিক্রয়মূল্য} = \frac{100 \times 20}{100} \text{ টাকা} = 22 \text{ টাকা}$$

Quick Solution:

$$\therefore \text{বিক্রয়মূল্য} = \frac{60 \times 8(100 + 10)}{100 \times 12} \text{ টাকা} = 22 \text{ টাকা}$$

৪৩. কোনো একটি দ্রব্যের ক্রয়মূল্য বাজার দরের ৮০%, এতে কত শতাংশ লাভ বা ক্ষতি হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ৮% লাভ

খ. ৮% ক্ষতি

গ. ২৫% ক্ষতি

ঘ. ২৫% লাভ

উত্তরঃ ঘ

সমাধানঃ ধরি, দ্রব্যটির বাজার দর ১০০ টাকা

$$\text{ক্রয়মূল্য} = 100 \text{ এর } 80\% = 80 \text{ টাকা}$$

$$\therefore \text{লাভ} = (100 - 80) \text{ টাকা} = 20 \text{ টাকা}$$

$$80 \text{ টাকায় লাভ হয় } 20 \text{ টাকা}$$

$$1 \text{ টাকায় লাভ হয় } \frac{20}{80}$$

$$100 \text{ টাকায় লাভ হয় } \frac{20 \times 100}{80} = 25 \text{ টাকা}$$

Solution: বাজার দর ১০০ টাকা হলে ক্রয়মূল্য হবে ৮০ টাকা।
সেক্ষেত্রে লাভ হবে (১০০ - ৮০) টাকা বা ২০ টাকা

$$\text{লাভের হার (\%)} = \frac{20 \times 100}{80} = 25$$

উত্তর : ঘ

$$\therefore \text{নির্ণেয় ভগ্নাংশটি} = \frac{3}{9-3} = \frac{3}{8}$$

উত্তর : ক

৪৪. ৮ টি দ্রব্য ৫ টাকায় ক্রয় করে ১৬ টি দ্রব্য কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ১২ টাকা

খ. ৯ টাকা

গ. ১০ টাকা ঘ. ১১ টাকা উত্তরঃ ঘ
সমাধানঃ ৮ টি দ্রব্যের ক্রয়মূল্য ৫ টাকা
 ১ টি দ্রব্যের ক্রয়মূল্য $\frac{৫}{৮}$ টাকা
 ১৬ টি দ্রব্যের ক্রয়মূল্য $\frac{৫ \times ১৬}{৮} = ১০$ টাকা
 ১০% লাভ করতে হলে,
 ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য হবে ১১০ টাকা
 ক্রয়মূল্য ১ টাকা হলে বিক্রয়মূল্য হবে $\frac{১১০}{১০০}$ টাকা
 ক্রয়মূল্য ১০ টাকা হলে বিক্রয়মূল্য হবে $\frac{১১০ \times ১০}{১০০} = ১১$ টাকা।

Quick Solution:

$$\text{বিক্রয়মূল্য} = \frac{৫ \times ১৬(১০০ + ১০)}{১০০ \times ৮} \text{ টাকা} = ১১ \text{ টাকা}$$

৪৫. ২৫ কেজি চাল যে দরে কেনা যায়, ২০ কেজি চাল সে দরে বিক্রি করলে শতকরা কত লাভ হয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ২৫% খ. ২০% উত্তরঃ ক
 গ. ২২% ঘ. ৩০%

সমাধানঃ ধরি, ২৫ কেজি চালের ক্রয়মূল্য ১০০ টাকা
 \therefore ২০ কেজি চালের বিক্রয়মূল্য ১০০ টাকা
 ১০০ টাকায় লাভ = (২৫-২০) কেজি চাল = ৫ কেজি চাল
 ২০ কেজি চালের বিক্রয়মূল্য ১০০ টাকা

$$১ \text{ কেজি চালের বিক্রয়মূল্য} = \frac{১০০}{২০} \text{ টাকা}$$

$$৫ \text{ কেজি চালের বিক্রয়মূল্য} = \frac{১০০ \times ৫}{২০} \text{ টাকা} = ২৫ \text{ টাকা}$$

৪৬. একটি দ্রব্য ৫০০ টাকার ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে, কত টাকা লাভ হয়? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

ক. ১০০ টাকা খ. ১১০ টাকা উত্তরঃ ক
 গ. ১১৫ টাকা ঘ. ১২০ টাকা

সমাধানঃ
 ১০% লাভে ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য = (১০০+১০) টাকা = ১১০ টাকা।

$$" \quad ১ \quad " \quad " \quad " \quad " = \frac{১১০}{১০০} \text{ টাকা}$$

$$" \quad ৫০০ \quad " \quad " \quad " \quad " = \frac{১১০ \times ৫০০}{১০০} = ৫৫০ \text{ টাকা}$$

ক্রয়মূল্য ১০% কম হলে, ক্রয়মূল্য = ৫০০ - (৫০০ × ১০%) = (৫০০ - ৫০) = ৪৫০ টাকা

মোট লাভ = ৫৫০ - ৪৫০ = ১০০ টাকা।

৪৭. একটি কোম্পানি দিনে প্রথম ১০০০ টাকা বিক্রির উপর ৫% লাভ করে এবং ১০০০ টাকার অতিরিক্ত বিক্রির উপর ৮% লাভ করে। দিনে মোট ৬০০০ টাকার জিনিস বিক্রি হলে, কোম্পানি সর্বমোট কত টাকা লাভ করে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

ক. ২১০ টাকা খ. ২২০ টাকা উত্তরঃ ঘ
 গ. ২২৫ টাকা ঘ. ২৫০ টাকা

সমাধানঃ ৫% লাভে ১০০০ টাকা বিক্রির উপর মোট লাভ = ৫০ টাকা
 ১০০০ টাকার অতিরিক্ত বিক্রি = ৬০০০ - ১০০০ = ৫০০০ টাকা।

৮% লাভে ৫০০০ টাকা বিক্রির উপর মোট লাভ = $৪০ \times ৫ = ২০০$ টাকা।

\therefore কোম্পানি সর্বমোট কত টাকা লাভ করে $৫০ + ২০০ = ২৫০$ টাকা।

৪৮. একটি কলম ২৫ টাকায় বিক্রয় করলে যে ক্ষতি হয়, ৩৫ টাকায় বিক্রয় করলে তত লাভ হয়। উহার ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

ক. ২৮ টাকা খ. ৩০ টাকা উত্তরঃ খ
 গ. ৩২ টাকা ঘ. ৩৪ টাকা

সমাধানঃ ধরি ২৫ টাকায় বিক্রয় করলে ক টাকা ক্ষতি হয়।

$$\text{অতএব ক্রয় মূল্য} = ২৫ + ক। \text{----} ১$$

আবার ৩৫ টাকায় বিক্রি করলে ক টাকা লাভ হয়।

$$\text{অতএব ক্রয় মূল্য} = ৩৫ - ক। \text{----} ২$$

$$১, ৩ ২ \text{ সমন্বয় করে পাই, } ২৫ + ক = ৩৫ - ক$$

$$\text{বা } ২ ক = ৩৫ - ২৫ = ১০$$

$$\text{বা } ক = ৫।$$

$$\text{ক্রয়মূল্য} = ২৫ + ৫ = ৩০ \text{ টাকা।}$$

$$\text{সমাধানঃ} \\ \frac{২৫+৩৫}{২} = ৩০$$

৪৯. একটি পুরু ৪৫০ টাকায় বিক্রয় করায় তার ক্রয়মূল্যের $\frac{১}{৮}$ অংশ লাভ

হল। পুরুটির ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

ক. ৫০০ টাকা খ. ৬০০ টাকা উত্তরঃ ঘ
 গ. ৩০০ টাকা ঘ. ৪০০ টাকা

সমাধানঃ ক্রয় মূল্য ১ টাকা হলে বিক্রয় মূল্য = $১ + \frac{১}{৮}$

$$\text{বিক্রয়মূল্য } ১ + \frac{১}{৮} \text{ টাকা হলে ক্রয়মূল্য} = ১ \text{ টাকা}$$

$$" \quad ১ \quad " \quad " \quad " \quad " = \frac{৮}{৯} \text{ টাকা}$$

$$" \quad ৪৫০ \quad " \quad " \quad " \quad " = \frac{৮ \times ৪৫০}{৯} \text{ টাকা} = ৪০০ \text{ টাকা}$$

৫০. এক কুড়ি কমলা ৫০ টাকায় ক্রয় করে এক ডজন কমলা ৩৬ টাকায় বিক্রয় করা হলো। শতকরা কত লাভ হলো? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

ক. ১০% খ. ১৫% উত্তরঃ ঘ
 গ. ১৮% ঘ. ২০%

সমাধানঃ ২০ টি কমলার ক্রয় মূল্য ৫০ টাকা

$$\therefore ১ \text{ " " " } = ৫০ \div ২০ = ২.৫ \text{ টাকা}$$

আবার ১২ টি কমলার বিক্রয় মূল্য ৩৬ টাকা

১ টি কমলার বিক্রয় মূল্য ৩ টাকা

$$২.৫ \text{ টাকায় ক্রয় কৃত কমলায় লাভ} = ০.৫ \text{ টাকা}$$

$$১ \text{ টাকায় ক্রয় কৃত কমলায় লাভ} = ০.৫ \div ২.৫$$

$$১০০ \text{ টাকায় ক্রয় কৃত কমলায় লাভ} = ২০\%।$$

৫১. ৫৬০ টাকায় একটি চেয়ার কিনে কত টাকায় বিক্রয় করলে ২৫% লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

ক. ৮০০ টাকা খ. ৭৫০ টাকা উত্তরঃ গ
 গ. ৭০০ টাকা ঘ. ৬০০ টাকা

সমাধানঃ ২৫% লাভে ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য ১২৫ টাকা

$$" \quad " \quad ১ \quad " \quad " \quad " = ১২৫ \div ১০০$$

$$" \quad " \quad " \quad ৫৬০ \quad " \quad " \quad " = ৭০০ \text{ টাকা।}$$

৫২. একটি দ্রব্য ৫০০ টাকায় ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে কত লাভ হত? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

- ক. ১০০ টাকা
খ. ১০৫ টাকা
গ. ১১০ টাকা
ঘ. ১২০ টাকা

উত্তর: ক

সমাধান: ১০% লাভে ৫০০ টাকার বিক্রয় মূল্য = ৫৫০ টাকা
ক্রয়মূল্য ১০% কম হলে ক্রয়মূল্য = ৪৫০ টাকা
মোট লাভ = ৫৫০ - ৪৫০ = ১০০ টাকা।

৫৩. একজন দালাল দুটি পুরনো গাড়ী প্রত্যেকটি ৩৯,১০০ টাকায় বিক্রয় করেন। প্রথমটিতে তার ১৫% লাভ হয় কিন্তু দ্বিতীয়টিতে ৭.৫% ক্ষতি হয়। মোটের উপর তার কত টাকা লাভ হয়? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

- ক. ২০০০ টাকা
খ. ১৯০০ টাকা
গ. ১৯২৯.৭৩ টাকা
ঘ. ১২০০ টাকা

উত্তর: গ

সমাধান: ১৫% লাভে বিক্রয় মূল্য ১১৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" " " ৩৯,১০০ " " $\frac{১০০ \times ৩৯,১০০}{১১৫}$

= ৩৪০০০ টাকা
৭.৫% ক্ষতিতে বিক্রয় মূল্য (১০০ - ৭.৫) ৯২.৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" " " " ৩৯,১০০ " " $\frac{১০০ \times ৩৯,১০০}{৯২.৫}$ = ৪২২৭০ টাকা

গাড়ীদুটির ক্রয়মূল্য = ৩৪০০০ + ৪২২৭০ = ৭৬২৭০.২৭
গাড়ীদুটির বিক্রয়মূল্য = ৩৯,১০০ × ২ = ৭৮২০০
মোটের উপর তার টাকা লাভ হয় ৭৮২০০ - ৭৬২৭০.২৭ = ১৯২৯.৭৩

৫৪. এক ডজন আম ৬০ টাকায় ক্রয় করে যদি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

- ক. ২২ টাকা
খ. ২৫ টাকা
গ. ১৫ টাকা
ঘ. ১২ টাকা

উত্তর: ক

সমাধান: এক ডজন বা ৩ হালি আমের ক্রয়মূল্য ৬০ টাকা
 $\therefore ১ " " " = ২০$ টাকা
১০% লাভে ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য ১১০ টাকা
" " " ২০ " " " $১১০ \times ২০ \div ১০০ = ২২$ টাকা

৫৫. ৮টি প্যান্টের বিক্রয়মূল্য ১০টি প্যান্টের ক্রয়মূল্যের সমান হলে শতকরা লাভ কত? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

- ক. ১৫%
খ. ২০%
গ. ২৫%
ঘ. ৩০%

উত্তর: গ

সমাধান: ৮টি প্যান্টের বিক্রয়মূল্য ১০টি প্যান্টের ক্রয়মূল্যের সমান
১টি " " " $১০ \div ৮$ " " " "
১০০ " " " $১০০০ \div ৮ = ১২৫$ " " "
 \therefore শতকরা লাভ $১২৫ - ১০০ = ২৫$ %

৫৬. ১৫০ টাকায় একটি জিনিস ক্রয় করে কত দামে বিক্রয় করলে ৩০% লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-মেঘনা) - ২০১২]

- ক) ১৬০ টাকা
খ) ১৭০ টাকা
গ) ১৮৫ টাকা
ঘ) ১৯৫ টাকা

উত্তর: ঘ

সমাধান: ৩০% লাভে-
বিক্রয়মূল্য (১০০ + ৩০) টাকা বা ১৩০ টাকা
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১৩০ টাকা
" ১ " " " $\frac{১০০}{১০০}$ টাকা
" ১৫০ " " " $\frac{১০০ \times ১৫০}{১০০}$ বা ১৯৫ টাকা।

শটকাট: বিক্রয়মূল্য, SP = $\frac{CP \times (100 + x)}{100}$

$$= \frac{150 \times (100 + 30)}{100} \text{ টাকা} = ১৯৫ \text{ টাকা}।$$

৫৭. এক ব্যক্তি ক্রয়মূল্যের উপর ৫০% বেশি হিসেব করে বিক্রয়মূল্য নির্ধারণ করে। সে নির্ধারিত বিক্রয়মূল্যের উপর ১০% কমিশন দিয়ে জিনিস বিক্রয় করে। তার মোটের উপর শতকরা কত লাভ হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-মেঘনা) - ২০১২]

- (ক) ৫০ টাকা
(খ) ৪৫ টাকা
(গ) ৪০ টাকা
(ঘ) ৩৫ টাকা

উত্তর: ঘ

শটকাট: লাভ (%) = $৫০ + (-১০) + \frac{50 \times (-10)}{100}$
= ৪০ - ৫ = ৩৫।

৫৮. কোনো একটি জিনিস নির্মাতা ২০% লাভে এবং খুচরা বিক্রেতা ২০% লাভে বিক্রয় করে। যদি ঐ জিনিসের নির্মাণ খরচ ১০০ টাকা হয়, তবে খুচরা মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-মেঘনা) - ২০১২]

- (ক) ১৪০ টাকা
(খ) ১৪৪ টাকা
(গ) ১২৪ টাকা
(ঘ) ১২০ টাকা

উত্তর: খ

সমাধান: নির্মাণ খরচের সাপেক্ষে খুচরামূল্যের মোটের উপর লাভ (%) = $২০ + ২০ + \frac{২০ \times ২০}{100} = ৪৪$
নির্ণেয় খুচরা মূল্য = (১০০ + ৪৪) টাকা = ১৪৪ টাকা।

৫৯. নির্দিষ্ট দামে একটি দ্রব্য বিক্রয় করতে ২০% লাভে ক্ষতি হল। এটি ৬০.০০ টাকা বেশি মূল্যে বিক্রয় করতে পারলে ১০% লাভ হত? দ্রব্যটির ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-মেঘনা) - ২০১২]

- (ক) ২০০ টাকা
(খ) ৩০০ টাকা
(গ) ২৬০ টাকা
(ঘ) ২২০ টাকা

উত্তর: ক

শটকাট: দ্রব্যটির ক্রয়মূল্য = $\frac{60 \times 100}{10 - (-20)} = ২০০$ টাকা।

৬০. কোন বই ৪০ টাকায় বিক্রি করলে ২০% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে ৪০% লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-মুন্না) - ২০১২]

- (ক) ৫০ টাকা
(খ) ৪৪ টাকা
(গ) ৭০ টাকা
(ঘ) ৬৫ টাকা

উত্তর: গ

সমাধান: ক্রয়মূল্য ১০০ টাকা হলে-
২০% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০ - ২০) বা ৮০ টাকা
৪০% লাভে বিক্রয়মূল্য (১০০ + ৪০) বা ১৪০ টাকা
২০ ক্ষতিতে বিক্রয়মূল্য -
৮০ টাকা হলে ৪০% লাভে বিক্রয়মূল্য ১৪০ টাকা
১ " " " " " $\frac{140}{80}$
৪০ " " " " " $\frac{140 \times 40}{80}$
বা ৭০ টাকা।

শটকাট: বিক্রয়মূল্য = $\frac{40 \times (100 + 40)}{100 + (-20)}$ বা ৭০ টাকা।

৬১. একজন দোকানদার ১০% লাভে একটি জিনিস ৫৫ টাকায় বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা - ২০১২]

- ক. ৪২ টাকা
খ. ৪৫ টাকা
গ. ৪৮ টাকা
ঘ. ৫০ টাকা

উত্তর: ঘ

সমাধান: ১০% লাভে, বিক্রয়মূল্য ১১০ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা
 $\therefore ১ " " " = \frac{১০০}{১১০}$ টাকা
 $\therefore ৫৫ " " " = \frac{১০০ \times ৫৫}{১১০}$
= ৫০ টাকা।

৬২. ৫০টি কলা ২২০ টাকায় বিক্রয় করায় ১০% লাভ হল। ১০০টি কলার ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-হাসনাবেদা) - ২০১১]

- (ক) ২৫০ টাকা (খ) ২৭৫ টাকা
(গ) ৩২৫ টাকা (ঘ) ৪০০ টাকা

উত্তরঃ ঘ

শটিকাটঃ ৫০টি কলার ক্রয়মূল্য = $\frac{220 \times 100}{100+10}$ বা ২০০ টাকা

১টি কলার ক্রয়মূল্য = $\frac{200}{50}$ টাকা

১০০টি কলার ক্রয়মূল্য = $\frac{200 \times 100}{5}$ টাকা বা ৪০০ টাকা

৬৩. একটি পাঠ্যবই প্রকৃত মূল্যের শতকরা ৯০ ভাগ মূল্যে ৭২ টাকায় বিক্রয় করা হল। বইটির প্রকৃত মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-হেমহ) - ২০১০]

- ক. ৭০ টাকা (খ) ৭৫ টাকা
গ. ৮০ টাকা (ঘ) ৮৫ টাকা

উত্তরঃ গ

সমাধানঃ বিক্রয়মূল্য ৯০ টাকা হলে প্রকৃত মূল্য ১০০ টাকা

$$\frac{100}{90} = \frac{100 \times 72}{90}$$

বা ৮০ টাকা

৬৪. ৩৬ টাকা ডজন দরে কলা ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হল। এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-ঢাবর) - ২০১১]

- (ক) ৬০ টাকা (খ) ৬২ টাকা
(গ) ৭২ টাকা (ঘ) ৭৫ টাকা

উত্তরঃ গ

৬৫. একজন দোকানদার ১২% লাভে একটি জিনিস ৫৬ টাকায় বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-কর্কট) - ২০১২]

- (ক) ৪৬ টাকা (খ) ৪৮ টাকা
(গ) ৫০ টাকা (ঘ) ৫২ টাকা

উত্তরঃ গ

শটিকাটঃ জিনিসটির ক্রয়মূল্য = $\frac{56 \times 100}{100+12}$ বা ৫০ টাকা।

৬৬. একজন দোকানদার ৮% লাভে একটি জিনিস ৫৪ টাকায় বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-করতোয়া) - ২০১২]

- (ক) ৪৮ টাকা (খ) ৫০ টাকা
(গ) ৫২ টাকা (ঘ) ৪৬ টাকা

উত্তরঃ খ

৬৭. একটি খাসি ১৫০০ টাকায় ক্রয় করে, ১৮০০ টাকায় বিক্রি করলে শতকরা লাভ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-শিউলি) - ২০১১]

- (ক) ১৬% (খ) ১৮%
(গ) ২০% (ঘ) ২৫%

উত্তরঃ খ

সমাধানঃ লাভ = (১৮০০ - ১৫০০) টাকা = ৩০০ টাকা

$$\text{লাভের হার} = \frac{300 \times 100}{1500} = 20$$

৬৮. একটি জিনিস ৫০ টাকায় কিনে ৬০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-শিউলি) - ২০১১]

- (ক) ১৫% (খ) ২০%
(গ) ২২% (ঘ) ২৫%

উত্তরঃ খ

সমাধানঃ লাভ = (৬০ - ৫০) টাকা = ১০ টাকা

$$\text{লাভের হার} = \frac{10 \times 100}{50} = 20$$

৬৯. একটি জিনিস ৫৬০ টাকায় বিক্রয় করায় ১২% লাভ হলো। জিনিসটির ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-শাপলা) - ২০১১]

- (ক) ৫০০ টাকা (খ) ৫১২ টাকা
(গ) ৫২০ টাকা (ঘ) ৫২৫ টাকা

উত্তরঃ ক

শটিকাটঃ জিনিসটির ক্রয়মূল্য = $\frac{560 \times 100}{100+12}$ টাকা = ৫০০ টাকা।

৭০. একটি জিনিস ২৫০ টাকায় ক্রয় করে ২৮০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-শাপলা) - ২০১১]

- (ক) ১০% (খ) ১২%
(গ) ১৫% (ঘ) ২০%

উত্তরঃ খ

সমাধানঃ লাভ = (২৮০ - ২৫০) টাকা = ৩০ টাকা

$$\text{লাভের হার} = \frac{30 \times 100}{250} = 12$$

৭১. কোন একটি বই ৪০ টাকা বিক্রি করলে ২০% ক্ষতি হয়। কত টাকা বিক্রি করলে ৪০% লাভ হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-গোলাপ) - ২০১১]

- (ক) ৬৫ টাকা (খ) ৭০ টাকা
(গ) ৪৪ টাকা (ঘ) ৫০ টাকা

উত্তরঃ খ

৭২. কোন একটি সামগ্রীর ক্রয় মূল্য বাজার দরের ৮০% এতে কত শতাংশ লাভ বা ক্ষতি হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-গোলাপ) - ২০১১]

- (ক) ৮% লাভ (খ) ৮% ক্ষতি
(গ) ২৫% লাভ (ঘ) ২৫% ক্ষতি

উত্তরঃ

৭৩. একটি জিনিস ৬০.০০ টাকায় বিক্রয় করায় ২০% লাভ হলো, এর ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-ক্রা) - ২০১১]

- (ক) ৪০ টাকা (খ) ৫০ টাকা
(গ) ৭২ টাকা (ঘ) ৮০ টাকা

উত্তরঃ খ

শটিকাটঃ জিনিসটির ক্রয়মূল্য = $\frac{60 \times 100}{100+20}$ টাকা = ৫০ টাকা।

৭৪. একটি দ্রব্য ৫০০ টাকায় ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে কত টাকা লাভ হতো? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-ক্রা) - ২০১১]

- (ক) ১১০ টাকা (খ) ১০০ টাকা
(গ) ১৫০ টাকা (ঘ) ১২৫ টাকা

উত্তরঃ খ

৭৫. কমিশনের হার ২.৫০ টাকা হলে ২০০০ টাকা মূল্যের জিনিস বিক্রয় করে কত কমিশন পাওয়া যাবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-করতোয়া) - ২০১০/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-কর) - ২০১০]

- ক. ২৫ টাকা (খ) ৫০ টাকা
গ. ৭৫ টাকা (ঘ) ১০০ টাকা

উত্তরঃ খ

সমাধানঃ ১০০ টাকায় কমিশন পাওয়া যায় ২.৫০ টাকা

$$\frac{1}{2000} = \frac{2.50}{100}$$

বা, ৫০ টাকা।

৭৬. একটি পরীক্ষায় ৭৫ টি প্রশ্ন ছিল। রহিম ৬০টি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে? সে শতকরা কতটি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-করতোয়া) - ২০১০]

- ক. ৭৫% (খ) ৬০%
গ. ৯০% (ঘ) ৮০%

উত্তরঃ ঘ

৭৭. কমিশনের হার ৩.৫ টাকা হলে, ৩০০০ টাকা মূল্যের জিনিস বিক্রয় করে কত কমিশন পাওয়া যাবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-হেমহ) - ২০১০]

- ক. ৯০ টাকা (খ) ১০০ টাকা
গ. ১০৫ টাকা (ঘ) ১১০ টাকা

উত্তরঃ গ

সমাধানঃ ১০০ টাকায় কমিশন পাওয়া যায় ৩.৫ টাকা

$$\frac{1}{3000} = \frac{3.5}{100}$$

বা ১০৫ টাকা

৭৮. একটি ফুলে ৫০ জন ছাত্রী ও ৭০ জন ছাত্র আছে। ছাত্রীদের ৪০% এবং ছাত্রদের ৫০% এক বনভোজনে গিয়ে থাকলে মোট ছাত্র-ছাত্রীদের কত শতাংশ বনভোজনে গিয়েছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সেভ-৩৯) -২০১১]

- (ক) ৪০% (খ) ৪২%
(গ) ৪৬% (ঘ) ৪৮%

উত্তরঃ

নোটঃ সঠিক উত্তর $৪৫\frac{৫}{৬}\%$

সমাধানঃ ছাত্রীদের মধ্যে হইতে বনভোজনে যায় = ৫০ জনের ৪০% = $(৫০ \times \frac{৪০}{১০০})$ জন = ২০ জন

ছাত্রদের মধ্যে হইতে বনভোজনে যায় ৭০ জনের ৫০% =

$(৭০ \times \frac{৫০}{১০০})$ জন = ৩৫ জন

বনভোজনে যায় = (২০ + ৩৫) জন = ৫৫ জন

মোট ছাত্রছাত্রীর সংখ্যা = (৭০+৫০) বা ১২০ জন

১২০ জন ছাত্রছাত্রীর মধ্যে বনভোজনে যায় ৫৫ জন

১ " " " " " " $\frac{৫৫}{১২০}$ জন

১০০ " " " " " " $\frac{৫৫ \times ১০০}{১২০}$ জন

বা, $৪৫\frac{৫}{৬}$ জন।

৭৯. এক কুড়ি কলা ৫০ টাকায় ক্রয় করে এক ডজন কলা ৩৬ টাকায় বিক্রয় করা হল। শতকরা কত টাকা লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সেভ-৩৯) -২০১০]

- ক. ১০% খ. ১৫%
গ. ২০% ঘ. ২৫%

উত্তর: গ

সমাধানঃ এক কুড়ি কলার ক্রয় মূল্য = ৫০ টাকা

∴ ১ " " " " = $\frac{৫০}{২০}$ টাকা

∴ ১২ " " " " = $\frac{৫০ \times ১২}{২০}$ টাকা
= ৩০ টাকা

দেয়া আছে, এক ডজন কলার বিক্রয় মূল্য = ৩৬ টাকা

∴ লাভ = ৩৬ - ৩০ = ৬ টাকা

৩০ টাকায় লাভ হয় = ৬ টাকা

∴ ১ " " " " = $\frac{৬}{৩০}$ টাকা

∴ ১০০ " " " " = $\frac{৬ \times ১০০}{৩০}$ টাকা
= ২০ টাকা

৮০. একটি জিনিস ৪০০ টাকায় ক্রয় করে ৪৪০ টাকায় বিক্রি করলে শতকরা লাভ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সেভ-৩৯) -২০১০]

- ক. ১০% খ. ১২%
গ. ১৪% ঘ. ১৫%

উত্তর: ক

শটিকাটঃ লাভ = (৪৪০ - ৪০০) টাকা = ৪০ টাকা

নাভের হার = $\frac{৪০ \times ১০০}{৪০০} = ১০$

৮১. কোন বই ৪০ টাকায় বিক্রয় করলে ২০% ক্ষতি হয়। কত টাকায় বিক্রয় করলে ৪০% লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সেভ-৩৯) -২০১০]

- ক. ৬৫ খ. ৭০
গ. ৪৪ ঘ. ৫০

উত্তর: খ

৮২. টাকায় ৫টা লেবু কিনে ডজন ৩ টাকায় বিক্রয় করলে লাভ শতকরা কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সেভ-৩৯) -২০১০]

- ক. ১০% খ. ১৫%
গ. ২৫% ঘ. ৩০%

উত্তর: গ
৪টি লেবুর

সমাধানঃ ধরি, ৫টি লেবুর ক্রয়মূল্য = X টাকা।

বিক্রয়মূল্য = X টাকা।

১ " ক্রয়মূল্য " " = $\frac{X}{৫}$ টাকা

১ বিক্রয়মূল্য " " = $\frac{X}{৪}$ টাকা

$\frac{X}{৫}$ টাকায় লাভ হয় = $(\frac{X}{৪} - \frac{X}{৫})$ টাকা = $\frac{X}{২০}$ টাকা

১ " " " " = $\frac{X \times ৫}{২০ \times X}$ টাকা

১০০ " " " " = $\frac{X \times ৫ \times ১০০}{২০ \times X}$ টাকা = ২৫ টাকা।

৮৩. ১৫০.০০ টাকা দিয়ে একটি জিনিস ক্রয় করে কত টাকা বিক্রয় করলে ৩০% লাভ হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সেভ-৩৯) -২০১০]

- ক. ১৯৫ টাকা খ. ১৮০ টাকা
গ. ৯০ টাকা ঘ. ৪৫ টাকা

উত্তর: ক

৮৪. টাকায় ৬টা ক্রয় করে টাকায় কয়টা বিক্রয় করলে ২০% লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সেভ-৩৯) -২০১০]

- ক. ৭টি খ. ৫টি
গ. ৪টি ঘ. ৩টি

উত্তর: খ

শটিকাটঃ নির্ণয় দ্রব্যের সংখ্যা = $\frac{১ \times ৬ \times ১০০}{১ \times (১০০ + ২০)} = ৫$ টি

৮৫. একটি দ্রব্য ২৫ টাকা দিয়ে ক্রয় করে ৩০ টাকায় বিক্রয় করলে শতকরা লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সেভ-ইহামতি) -২০১০]

- ক. ২০% খ. ১৫%
গ. ১০% ঘ. ৫%

উত্তর: ক

সমাধানঃ লাভ = (৩০ - ২৫) টাকা = ৫ টাকা

নাভের হার = $\frac{৫ \times ১০০}{২৫} = ২০$

৮৬. একটি জিনিস ৬০ পয়সায় বিক্রয় করায় ২০% লাভ হয়। ক্রয়মূল্য কত?

- ক. ৭২ পয়সা খ. ৮০ পয়সা
গ. ৪০ পয়সা ঘ. ৫০ পয়সা

উত্তর: ঘ

সমাধানঃ ক্রয়মূল্য ১০০ পয়সা হলে ২০% লাভে

বিক্রয়মূল্য = (১০০ + ২০) পয়সা = ১২০ পয়সা

বিক্রয়মূল্য ১২০ পয়সা হলে ক্রয়মূল্য ১০০ পয়সা

" ১ " " " $\frac{১০০}{১২০}$ "

" ৬০ " " " $\frac{১০০ \times ৬০}{১২০}$ "

বা ৫০ পয়সা।

শটিকাটঃ জিনিসটির ক্রয়মূল্য = $\frac{৬০ \times ১০০}{১০০ + ২০} = ৫০$ পয়সা।

৮৭. জনাব সালাম ৫৫ টাকায় ২০টি আম কিনলেন। ১০% আম পঁচে যাওয়ায় তিনি অবশিষ্ট আম ডজন প্রতি ৬০ টাকা দরে বিক্রি করলেন। এতে তাঁর কত লাভ হল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সেভ-৩৯) -২০১০]

- ক. ৩৫ টাকা খ. ৩৬ টাকা
গ. ৪০ টাকা ঘ. ৪২ টাকা

উত্তর: ক

সমাধানঃ ১০% আম পঁচে যাওয়ায়,

১০০ টির মধ্যে ভালো আম ৯০টি

১ টির মধ্যে ভালো আম $\frac{90}{100}$ টি
২০ টির মধ্যে ভালো আম $\frac{90 \times 20}{100}$ টি বা ১৮টি
আবার,

১২টি আমের বিক্রয়মূল্য ৬০ টাকা

১টি আমের বিক্রয়মূল্য $\frac{60}{12}$ টাকা

১৮টি আমের বিক্রয়মূল্য $\frac{60 \times 18}{12}$ টাকা বা ৯০ টাকা

∴ নির্ণেয় লাভ = (৯০ - ৫৫) টাকা = ৩৫ টাকা।

৮৮. একজন ব্যবসায়ীর কাছে ২২টি বলপেন আছে। তিনি কয়েকটি বলপেন প্রতিটি ৩৫ টাকা লাভে একে অবশিষ্ট বলপেন প্রতিটি ১০ টাকা ক্ষতিতে বিক্রি করেন। তাঁর মোট ৬৩৫ টাকা লাভ হলে তিনি কয়টি বলপেন ক্ষতিতে বিক্রি করেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-সূর্য)- ২০১০]

ক. ৩টি খ. ৪টি
গ. ৫টি ঘ. ৬টি

উত্তর: ক

সমাধান: ১০ টাকা ক্ষতিতে x টি বলপেন বিক্রি করলে ৩৫ টাকা লাভে বিক্রি করেন (২২ - x) টি বলপেন

শর্তমতে, $৩৫(২২ - x) - 10x = 635$

⇒ $-35x - 10x = 635 - 770$

⇒ $45x = 135$ ∴ $x = 3$

৮৯. একজন ব্যবসায়ী জিনিস বিক্রির জন্য এমন ভাবে মূল্য নির্ধারণ করেন যেন ১০% ডিসকাউন্ট দিলেও তাঁর ক্রয়মূল্যের উপর ২০% লাভ থাকে। জিনিসটির ক্রয়মূল্য ৩০ টাকা হলে, নির্ধারিত মূল্য কত?

ক. ৩৬ টাকা খ. ৪০ টাকা
গ. ৪২ টাকা ঘ. ৪৫ টাকা

উত্তর: খ

সমাধান: ১০% ডিসকাউন্টে মূল্য (১০০ - ১০) বা ৯০ টাকা

২০% লাভে বিক্রয়মূল্য (১০০ + ২০) বা ১২০ টাকা

ক্রয়মূল্য ৯০ টাকা হলে নির্ধারিত মূল্য ১২০ টাকা

" 1 " " " " $\frac{120}{90}$ "

" 30 " " " " $\frac{120 \times 30}{90}$ " = 40 টাকা।

৯০. একজন বিজ্ঞতা ১২.৫% ক্ষতিতে একটি জিনিস বিক্রি করেন। যে মূল্যে তিনি জিনিসটি বিক্রি করলেন, তার চেয়ে ৩০ টাকা বেশি মূল্যে বিক্রি করলে ক্রয়মূল্যের উপর তাঁর ২৫% লাভ হয়। জিনিসটির ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-তিস্তা)- ২০১০]

ক. ৭৫ টাকা খ. ৮০ টাকা
গ. ৮৫ টাকা ঘ. ৯০ টাকা

উত্তর: খ

সমাধান: ক্রয়মূল্য = $\frac{৩০ \times ১০০}{২৫ - (-১২.৫)}$ টাকা = ৮০ টাকা।

৯১. একজন ফল ব্যবসায়ী প্রতি ডজন ১৫০ টাকা দরে কিছু আম এবং প্রতি ডজন ১০০ টাকা দরে সমান সংখ্যক আপেল কিনলেন। ডজন প্রতি ১৪০ টাকা দরে সব ফল বিক্রি করলে, তাঁর কত লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-তিস্তা)- ২০১০]

ক. ৮% খ. ১০%
গ. ১২% ঘ. ১৫%

উত্তর: গ

সমাধান: ১ ডজন আম এবং ১ ডজন আপেলের ক্রয়মূল্য

= (১৫০ + ১০০) টাকা = ২৫০ টাকা

১ ডজন আম এবং ১ ডজন আপেলের বিক্রয়মূল্য

= (১৪০ + ১৪০) টাকা = ২৮০ টাকা

লাভ = (২৮০ - ২৫০) টাকা = ৩০ টাকা

২৫০ টাকায় লাভ হয় ৩০ টাকা

১ টাকায় লাভ হয় $\frac{৩০}{২৫০}$ টাকা

১০০ টাকায় লাভ হয় $\frac{৩০ \times ১০০}{২৫০}$ টাকা বা ১২ টাকা।

৯২. এক ব্যক্তি ক্রয় মূল্যের ওপর ৫০% হিসাব করে বিক্রয়মূল্য নির্ধারণ করে। সে নির্ধারিত বিক্রয় মূল্যের ওপর ১০% কমিশন দিয়ে জিনিস বিক্রয় করে। তার মোটের ওপর কত লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-তিস্তা)- ২০১০]

ক. ৩০ টাকা খ. ৩৫ টাকা
গ. ৪০ টাকা ঘ. ৫৫ টাকা

উত্তর: খ

৯৩. একটি পেনসিল ১.২৫ টাকায় কিনে ১.৩০ টাকায় বিক্রয় করলে, শতকরা কত লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ১০% খ. ৮%
গ. ৫% ঘ. ৪%

উত্তর: গ

সমাধান: লাভ = (১.৩০ - ১.২৫) টাকা = ০.০৫ টাকা

লাভের হার (%) = $\frac{\text{লাভ} \times ১০০}{\text{ক্রয়মূল্য}}$

= $\frac{০.০৫ \times ১০০}{১.২৫}$ = ৪%

সময়, দূরত্ব ও গতি

০১. একটি পাহাড় থেকে নামতে যে সময় লাগে পাহাড়ে উঠতে ৩ গুণ সময় লাগে উঠানামা আর সে সঙ্গে ২ ঘণ্টা বিশ্রাম নিয়ে সর্বমোট সময় যদি লাগে ১৪ ঘণ্টা, তাহলে পাহাড়ের মাথায় উঠতে কত সময় লাগে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

ক. ৭ ঘণ্টা খ. ৯ ঘণ্টা
গ. ১০ ঘণ্টা ঘ. ৬ ঘণ্টা

উত্তর: খ

সমাধান: ধরি নামতে সময় লাগে k ঘণ্টা

পাহাড়ে উঠতে সময় লাগে ৩k ঘণ্টা

শর্তমতে, $k + ৩k + ২ = ১৪$

৪k = ১৪ - ২ = ১২

∴ k = ৩ ঘণ্টা

পাহাড়ে উঠতে সময় লাগে $৩ \times ৩ = ৯$ ঘণ্টা

বিবিধ

০১. লুপ্ত পদ নির্ণয় করুন : ১২ ৪ ১৬ ৪৪..... ২০ [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. ১৮ খ. ১৫
গ. ১০ ঘ. ২২

উত্তর: খ

সমাধান: $\frac{১২}{১৬} = \frac{x}{২০}$ ∴ $x = \frac{১২ \times ২০}{১৬} = ১৫$

পরিমাপ ও একক

০১. এক খন্ড 'প্ৰাটিনাম ও ইরিডিয়ামের তৈরি রড' এর দৈর্ঘ্য এক মিটার হিসেবে স্বীকৃত। এটি কোন মিউজিয়ামে রক্ষিত আছে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]

ক. শিকাগো আর্ট মিউজিয়াম খ. প্যারিস মিউজিয়াম
গ. ব্রিটিশ মিউজিয়াম ঘ. কার্যরো মিউজিয়াম

উত্তর: খ

ব্যাখ্যা: ১৭৯৩ সালে 'মিটার' কে প্রথম সংজ্ঞায়িত করা হয়। পৃথিবীর উত্তর মেরু থেকে ফ্রান্সের রাজধানী প্যারিসের দ্রাঘিমা রেখা বরাবর বিদ্যুৎরেখা পর্যন্ত দূরত্বের এক কোটি ভাগের এক ভাগকে এক মিটার হিসেবে ধরা হয়। বিশ্বব্যাপী দৈর্ঘ্যের একক মিটার এর পরিমাপ যাতে মিলিয়ে নেওয়া সম্ভব হয় সে উদ্দেশ্যে প্রাটিনাম ইরিডিয়াম দিয়ে তৈরি একটি মিটার দণ্ড ফ্রান্সে সংরক্ষিত আছে। সেখান থেকে ৪ই দণ্ডটির মাপের অনুরূপ বিশ্বব্যাপী সরবরাহ করা হয়। যদিও আধুনিক মিটারের সংজ্ঞায় আলোর বেগ ব্যবহার করা হয়েছে তবু প্যারিসের একটি

উপসহর সেভার্সে অবস্থিত Weights and Measures Bureau এর
সংগ্রহশালায় ঐতিহাসিক মিটার দণ্ডটি এখনো সংরক্ষিত।

০২. ৯ কোটি সমান? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় ধাপ)-২২]

- ক) ৯ বিলিয়ন খ) ৯ মিলিয়ন
গ) ৯০ মিলিয়ন ঘ) ৯০ বিলিয়ন উত্তর: গ

সমাধান:

১ কোটি = ১০ মিলিয়ন

৯ কোটি = $১০ \times ৯ = ৯০$ মিলিয়ন

০৩. এক নটিকেল মাইল সমান কত ফুট? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]

- ক. ৫০৮০ খ. ৬০৮০
গ. ৭০৮০ ঘ. ৮০৮০ উত্তর: খ

সমাধান: ১ নটিকেল মাইল = ৬০৭৬.১২ ফুট বা প্রায় ৬০৮০ ফুট।

০৪. শ্যাটিন ভাষায় 'সেন্টি' অর্থ কি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]

- ক. দশমাংশ খ. শতাংশ
গ. সহস্রাংশ ঘ. পঞ্চমাংশ উত্তর: খ

ব্যাখ্যা: শ্যাটিন ভাষায় সেন্টি (Centi) শব্দটির অর্থ শতাংশ, একশত ভাগের একভাগ।

০৫. ১ মিলিমিটার ১ কিলোমিটারের কত অংশ? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]

- ক. $\frac{১}{১০০০০}$ খ. $\frac{১}{১০০০}$
গ. $\frac{১}{১০০০০০০}$ ঘ. $\frac{১}{১০০০০০}$ উত্তর: গ

সমাধান: ১ কিমি = ১০০০০০০ মিমি

\therefore ১ মিলিমিটার, ১ কিলোমিটারের $\frac{১}{১০০০০০০}$ অংশ।

০৬. ১ ঘণ্টা ২০ মিনিট ৪ ঘণ্টার কত অংশ? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]

- (ক) $\frac{১}{৪}$ অংশ (খ) $\frac{৩}{৪}$ অংশ
(গ) $\frac{১}{৩}$ অংশ (ঘ) $\frac{২}{৩}$ অংশ উত্তর: গ

সমাধান:

$$\frac{১ \text{ ঘণ্টা } ২০ \text{ মিনিট}}{৪ \text{ ঘণ্টা}} = \frac{(৬০+২০) \text{ মিনিট}}{(৬০ \times ৪) \text{ মিনিট}} = \frac{৮০}{২৪০} = \frac{১}{৩}$$

০৭. মেট্রিক পদ্ধতিতে ভরের একক বা পদার্থের ভর পরিমাপের আন্তর্জাতিক একক - (প্রথমিক বিদ্যালয় থেকে শিক্ষক ০২/ পরবর্তী ফলাফলে ইদন প্রাথমিক পরীক্ষা ০১)

- ক) পাউন্ড খ) গ্রাম
গ) কিলোগ্রাম ঘ) মিলিগ্রাম উত্তর: গ

০৮. কোনটি ক্ষুদ্রতম? [প্রাইমারি গেরবার প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১১-১২]

- ক) সেন্টিমিটার খ) ডেসিমিটার
গ) হেকটোমিটার ঘ) কিলোমিটার উত্তর: ক

অধ্যায় - ২ ■ বীজগণিত

বীজগণিতিক যোগ-বিয়োগ, গুণ-ভাগ

০১. $x^2 - 3x - 2$ কে $x + 1$ দ্বারা ভাগ করলে ভাগশেষ কি হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

- ক. 4 খ. 0
গ. 2 ঘ. 6 উত্তর: গ

সমাধান: $f(x) = x^2 - 3x - 2$

$$\therefore f(-1) = (-1)^2 - 3(-1) - 2 = 2.$$

০২. $\frac{2x+3y}{3x+2y} = \frac{5}{6}$ হলে $x : y =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

- ক) 6 : 8 খ) 8 : 3
গ) 5 : 6 ঘ) 3 : 8 উত্তর: খ

সমাধান: $\frac{2x+3y}{3x+2y} = \frac{5}{6}$

$$\Rightarrow 12x + 18y = 15x + 10y$$

$$\Rightarrow 3x = 8y$$

$$\Rightarrow \frac{x}{y} = \frac{8}{3}$$

$$\therefore x : y = 8 : 3$$

০৩. $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে যোগফল $\frac{2y}{x}$ হবে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]

- ক. $\frac{2x^2 + y^2}{xy}$ খ. $\frac{x^2 - y^2}{xy}$

- গ. $\frac{2y^2 - x^2}{xy}$ ঘ. $\frac{x^2 - 2y^2}{xy}$ উত্তর: গ

সমাধান: যোগ করতে হবে = $\frac{2y}{x} - \frac{x}{y} = \frac{2y^2 - x^2}{xy}$

০৪. $(x + 3)(x - 3)$ কে $x^2 - 6$ দিয়ে ভাগ করলে ভাগশেষ কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]

- ক. -3 খ. -6
গ. 6 ঘ. 3 উত্তর: ক

সমাধান: $(x + 3)(x - 3) = x^2 - 3^2 = x^2 - 9$ এখন, $x^2 - 6$

$$\frac{x^2 - 9}{x^2 - 6}$$

$$\frac{(-) (-)}{(-)}$$

$$-3$$

মান নির্ণয়

০১. যদি $x + 2y = 4$ এবং $xy = 2$ হয়, তবে $x =$ কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]

- ক) 2 খ) 0
গ) 12 ঘ) 1 উত্তর: ক

সমাধান: $xy = 2 \therefore y = \frac{2}{x}$

এখানে, $x + 2y = 4$

$$\text{বা, } x + 2 \times \frac{2}{x} = 4$$

$$\text{বা, } x + \frac{4}{x} = 4$$

$$\text{বা, } x^2 - 4x + 4 = 0$$

$$\text{বা, } (x - 2)^2 = 0$$

$$\text{বা, } (x - 2) = 0$$

$$\text{বা, } x = 2$$

০২. $2x = 3y + 5$ হলে $4x - 6y =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম ধাপ)-২০২২]

ক) 10

খ) 15

গ) 20

ঘ) 12

উত্তর: ক

সমাধান:

$$\text{Here, } 2x = 3y + 5$$

$$4x - 6y = 2 \times 2 - 6y$$

$$= (3y + 5) 2 - 6y$$

$$= 6y + 10 - 6y = 10 \text{ (Ans.)}$$

০৩. $x + y = 12$ এবং $x - y = 2$ হলে xy এর মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম ধাপ)-২০২২]

ক) ৪৫

খ) ৩০

গ) ৪০

ঘ) ৩৫

উত্তর: ঘ

সমাধান:

$$\text{দেয়া আছে, } x + y = 12$$

$$x - y = 2$$

$$(+)\text{ করে } \frac{2x = 14}{x = 7}$$

$$\therefore \text{ আবার, } x + y = 12$$

$$x - y = 2$$

$$(-)\text{ করে } \frac{2y = 10}{y = 5}$$

$$\therefore y = 5$$

$$\text{অতএব, } xy = 7 \times 5 = 35$$

০৪. $x^2 + 7x + p$ যদি 5 দ্বারা বিভাজ্য হয় তবে p এর মান কত হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) - 30.0

খ) - 60.0

গ) - 10.0

ঘ) 30.0

উত্তর: খ

সমাধান: $x^2 + 7x + p$ যদি 5 দ্বারা বিভাজ্য হয় তবে $p(5)$

= 0 হবে

$$\therefore x^2 + 7x + p = 0$$

$$\text{বা, } 5^2 + 7 \cdot 5 + p = 0$$

$$\text{বা, } 25 + 35 + p = 0$$

$$\text{বা, } p = - 60$$

০৫. $x + y = 6$ হলে xy এর বৃহত্তম মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. 12

খ. 7

গ. 10

ঘ. 9

উত্তর: ঘ

সমাধান: $x + y = 6$ বা, $y = 6 - x$

$$x = 5 \text{ হলে } y = 1; xy = 5 \times 1 = 5$$

$$x = 4 \text{ হলে } y = 2; xy = 4 \times 2 = 8$$

$$x = 3 \text{ হলে } y = 3; xy = 3 \times 3 = 9$$

০৬. $(-1) \times (-1) \times (-1) + (-1) \times (-1) =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) 0

খ) 2

গ) 1

ঘ) - 2

উত্তর: ক

সমাধান: $(-1) \times (-1) \times (-1) + (-1) \times (-1)$

$$= -1 + 1$$

$$= 0$$

০৭. যদি $(x - 5)(a + x) = x^2 - 25$ হয়, তবে a এর মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. 5

খ. 25

গ. - 25

ঘ. - 5

উত্তর: ক

সমাধান: $(x - 5)(a + x) = x^2 - 25$

$$\text{বা, } (x - 5)(a + x) = (x - 5)(x + 5)$$

$$\text{বা, } a + x = x + 5 \text{ [(x - 5) দ্বারা ভাগ করে]}$$

$$\text{বা, } a = x + 5 - x$$

$$\therefore a = 5$$

০৮. $\sqrt{x^2} = ?$ [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) x

খ) - x

গ) $\pm x$ ঘ) x^2

উত্তর: গ

সমাধান: $\sqrt{x^2} = \pm x$

০৯. $x - \{x - (x + 1)\}$ এর মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. 1

খ. 1

গ. $x + 1$ ঘ. $x - 1$

উত্তর: গ

সমাধান: $x - \{x - (x + 1)\}$

$$= x - \{x - x - 1\}$$

$$= x - (-1) = x + 1.$$

$$= x - (-1) = x + 1.$$

১০. $x^3 = 64$ হলে x মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. ৩

খ. ৪

গ. ৫

ঘ. ৬

উত্তর: খ

সমাধান: $x^3 = 64.$

$$\text{বা, } x^3 = 4^3 \therefore x = 4.$$

১১. ৬, ৮ ও ১০ এর গাণিতিক গড় ৭, ৯ ও x এর গাণিতিক গড়ের সমান হলে x মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সেভ-পত্র)- ২০০৮]

ক. ৬

খ. ৫

গ. ৭

ঘ. ৮

উত্তর: ঘ

সমাধান: ৬, ৮, ১০ এর গাণিতিক গড় = $\frac{6+8+10}{3} = 8$

$$\text{শর্তমতে, } \frac{6+8+x}{3} = 8$$

$$\text{বা, } 16 + x = 24 \therefore x = 8.$$

১২. $x^3 - 0.001 = 0$ হলে, x^2 এর মান — [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]

ক. $\frac{1}{10}$

খ. 10

গ. $\frac{1}{100}$

ঘ. 100

উত্তর: ঘ

সমাধান: $x^3 - 0.001 = 0$

$$\Rightarrow x^{-3} = 0.001$$

$$\Rightarrow \frac{1}{x^3} = \frac{1}{1000}$$

$$\Rightarrow x^3 = 1000$$

$$\Rightarrow x^3 = (10)^3$$

$$\therefore x = 10$$

$$\Rightarrow x^2 = (10)^2$$

$$\therefore x^2 = 100$$

১৩. যদি $x + 3y = 40$ এক $y = 3x$ হয়, তবে $y = ?$ [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]

ক. ১২ খ. ১৮ গ. ২২ ঘ. ১০

উত্তর: ক

সমাধানঃ $x + 3y = 40$

$$\Rightarrow x + 3 \times 3x = 40$$

$$\Rightarrow x + 9x = 40$$

$$\Rightarrow 10x = 40 \therefore x = 4$$

$$\therefore y = 3 \times 4 = 12$$

১৪. $\frac{a}{b} = 4a$, $2b = 12$ হলে a এর মান কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়

সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]

(ক) ৮ (খ) ১২

(গ) ১৬ (ঘ) ৪

উত্তর: ক

সমাধানঃ $\frac{a}{b} = 4 \Rightarrow b = \frac{a}{4}$

এখানে, $a + 2 \times \frac{a}{4} = 12$

$$\Rightarrow a + \frac{a}{2} = 12$$

$$\Rightarrow 2a + a = 24$$

$$\Rightarrow 3a = 24$$

$$\therefore a = 8$$

১৫. ৪, ৬, ৭ এবং x এর গড়মান ৫.৫ হলে x এর মান কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]

ক. ৫.৫ খ. ৫

গ. ৪.৫ ঘ. ৬

উত্তর: খ

সমাধানঃ শর্তমতে, $\frac{8 + 6 + 7 + x}{4} = 5.5$

বা, $19 + x = 22$

বা, $x = 22 - 19$

$$\therefore x = 5$$

১৬. $A:B=3:4$, $B:C=5:6$ ও $C:D=2:3$ হলে $A:D =$ কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. 2 : 3 খ. 5 : 9

গ. 5 : 12 ঘ. 7 : 12

উত্তর: গ

সমাধানঃ $A:B=3:4$

$$B:C=5:6$$

$$A:B:C = (3 \times 5):(4 \times 5):(6 \times 4)$$

$$\therefore A:C = 15:24 = 5:8$$

$$C:D = 2:3$$

$$A:C:D = (5 \times 2):(8 \times 2):(3 \times 8)$$

$$\therefore A:D = 10:24 = 5:12$$

১৭. $a+b = 5$ এক $a-b = 3$ হলে ab এর মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-শরণ)-২০১০]

ক. 2 খ. 4

গ. 5 ঘ. 3

উত্তর: খ

সমাধানঃ $a+b = 5 \dots\dots\dots(1)$

এক $a-b = 3 \dots\dots\dots(2)$

$(1) + (2)$ থেকে পাই,

$$a+b = 5$$

$$a-b = 3$$

$$\underline{2a = 8}$$

$$\therefore a = 4$$

এবং $b = 5 - 4 = 1$

সুতরাং, $ab = 4 \cdot 1 = 4$

১৮. $(x+5)(x-3) =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-শরণ)-২০১০]

ক. $x^2 + 8x + 15$ খ. $x^2 - 15$

গ. $x^2 + 2x - 15$ ঘ. $x^2 + 2x + 15$

উত্তর: গ

সমাধানঃ $(x+5)(x-3) = x^2 - 3x + 5x - 15 = x^2 + 2x - 15$

১৯. $(a+b) = 5$, $ab = 4$ হলে $(a-b)$ এর মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-শরণ)-২০১১]

(ক) 41 (খ) 33

(গ) 9 (ঘ) 17

উত্তর: ঘ

নোটঃ $(a-b)^2 = (a+b)^2 - 4ab$

$$(a-b)^2 = 25 - 16 = 9$$

$$(a-b) = 3 \text{ or } -3$$

২০. $a=15$ হলে $b=5$ হলে $\frac{(a-b)^2}{a-b} =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-করতারা)-২০১০]

ক. 30 খ. 10 গ. 15 ঘ. 20

উত্তর: খ

সমাধানঃ $\frac{(a-b)^2}{a-b} = a - b = 15 - 5 = 10$

২১. $8 : 5 = 12 : x$ হলে x এর মান কত হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-করতারা)-২০১০]

ক. ১২ খ. ১৩

গ. ১৪ ঘ. ১৫

উত্তর: ঘ

সমাধানঃ $8 : 5 = 12 : x$

$$\Rightarrow \frac{4}{5} = \frac{12}{x}$$

$$\therefore x = \frac{12 \times 5}{4} = 15$$

২২. $a=8$, $b=6$, $x = \frac{1}{2}$ এবং $y=6$ হলে $ax+2b-2xy$ এর মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-করণোত্তর)-২০১০]

ক. 12 খ. 9 গ. 7 ঘ. 6

উত্তর: ক

সমাধানঃ $ax + 2b - 2xy$

$$= 8 \times \frac{1}{2} + 2 \times 6 - 2 \times \frac{1}{2} \times 6$$

$$= 4 + 12 - 6 = 12$$

২৩. $a=15$ এক $b=5$ হলে, $\frac{(a-b)^2}{a-b} =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কোড-পদ্মা)-২০০৮]

ক. 10 খ. 15

গ. 20 ঘ. 30

উত্তর: ক

বীজগাণিতিক সূত্রাবলি

বর্গের সূত্র

০১. $a - b = 7$ এবং $ab = 60$ হলে $a^2 + b^2 =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) 170 খ) 180

গ) 168 ঘ) 169

উত্তর: ঘ

সমাধানঃ

$$a^2 + b^2 = (a+b)^2 - 2ab$$

$$= (7)^2 - 2 \times 60$$

$$= 49 - 120$$

$$= 169$$

০২. $x + y = 7$ এবং $xy = 10$ হলে $(x - y)^2$ এর মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. 6 খ. 32

গ. 4 ঘ. 9

উত্তর: ঘ

সমাধানঃ $(x - y)^2 = (x + y)^2 - 4xy$

$$= 7^2 - 4 \times 10$$

$$= 49 - 40 = 9.$$

০৩. $x + \frac{1}{x} = 2$ হয়, তাহলে x এর মান হবে— [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. 2 খ. 1 গ. $\frac{1}{2}$ ঘ. $\frac{1}{4}$

উত্তর: খ

সমাধানঃ $x + \frac{1}{x} = 2$

বা, $x^2 + 1 = 2x.$

বা, $x^2 - 2x + 1 = 0$

বা, $(x - 1)^2 = 0$

বা, $(x - 1) = 0 \therefore x = 1$

০৪. $a + \frac{1}{a} = 4$ হয়, তাহলে $a^2 + \frac{1}{a^2} =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পেড-শিডি) -২০১১]

ক) 16 খ) 9

গ) 12 ঘ) 14

উত্তর: ঘ

সমাধানঃ $a^2 + \frac{1}{a^2}$

$$= \left(a + \frac{1}{a}\right)^2 - 2 \cdot a \cdot \frac{1}{a}$$

$$= (4)^2 - 2$$

$$= 16 - 2$$

$$= 14$$

০৫. যদি $(x - y)^2 = 12$ এবং $xy = 1$ হয়, তবে $x^2 + y^2 =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. 14 খ. 11

গ. 12 ঘ. 13

উত্তর: ক

সমাধানঃ $x^2 + y^2 = (x - y)^2 + 2xy$

$$= 12 + 2 \times 1 = 14.$$

০৬. $a - \frac{1}{a} = 3$ হলে $a^2 + \frac{1}{a^2}$ [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) ১১ খ) ১২ গ) ১৪ ঘ) ১৬

উত্তর: ক

সমাধানঃ

$$a - \frac{1}{a} = 3$$

$$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 = 3^2$$

$$\Rightarrow a^2 + \frac{1}{a^2} - 2 \cdot a \cdot \frac{1}{a} = 9$$

$$\Rightarrow a^2 + \frac{1}{a^2} - 2 = 9$$

$$\Rightarrow a^2 + \frac{1}{a^2} = 11$$

০৭. যদি $(x - y)^2 = x$, $y = 1$ $x^2 + y^2 =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) ১১ খ) ১২ গ) ১৩ ঘ) ১৪

উত্তর: ঘ

সমাধানঃ দেয়া আছে, $xy = 1$

এক $(x - y)^2 = 12$

এক $(x - y)^2 = 12$

$$\Rightarrow x^2 + y^2 - 2xy = 12$$

$$\Rightarrow x^2 + y^2 = 12 + 2xy$$

$$\Rightarrow 12 + 2 \cdot 1$$

$$\Rightarrow 18$$

০৮. যদি $a + b + c = 9$ এবং $ab + bc + ca = 31$ হয়, তবে $(a^2 + b^2 + c^2) = ?$ [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. 19 খ. 20 গ. 17 ঘ. 18

উত্তর: ক

সমাধানঃ $a^2 + b^2 + c^2$

$$= (a + b + c)^2 - 2(ab + bc + ca)$$

$$= 9^2 - 2 \times 31$$

$$= 81 - 62 = 19.$$

০৯. $a + b + c = 9$, $a^2 + b^2 + c^2 = 29$ হলে $ab + bc + ca =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. 28 খ. 20

গ. 25 ঘ. 26

উত্তর: ঘ

সমাধানঃ $(a + b + c)^2$

$$= a^2 + b^2 + c^2 + 2ab + 2bc + 2ca$$

বা, $9^2 = 29 + 2(ab + bc + ca)$

বা, $2(ab + bc + ca) = 81 - 29 = 52$

$$\therefore ab + bc + ca = 26.$$

১০. যদি $a + b = 2$, $ab = 1$ হয় তবে a ও b এর মান যথাক্রমে— [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. -1, 3 খ. -3, -4

গ. 0, 2 ঘ. 1, 1

উত্তর: ঘ

সমাধানঃ $(a - b)^2 = (a + b)^2 - 4ab$

$$= 2^2 - 4 \cdot 1 = 0$$

বা, $a - b = 0 \therefore a = b.$

আবার, $a + b = 2.$

বা, $a + a = 2 \therefore a = 1 = b.$

১১. যদি $x + y = 19$, $xy = 60$ হয়, তবে $x - y$ এর মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) ৫ খ) ৭ গ) ৮ ঘ) ৯

উত্তর: খ

